সমকাল

তারিখ ... 26 APR 2017 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২ ......

# ৬ হাজার স্কুল জাতীয়করণে বিশেষ বরাদ্দ চান শিক্ষকরা

■ সমকাল প্রতিবেদক

বাদপড়া প্রায় ছয় হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও সেখানে কর্মরত প্রায় ২৪ হাজার শিক্ষকের চাকরি সরকারিকরণের লক্ষ্যে বাজেটে বিশেষ বরাদ্দের দাবি জানিয়েছে বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি বাংলাদেশ। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স লাউঞ্জে আয়োজিত সংবাদ সম্মেলনে সমিতির প্রধান সমন্বয়কারী মোহাম্মদ শামসুল আলম এ দাবি জানান।

লিখিত বক্তব্যে তিনি বলেন, ১৯৭৩ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এক ঘোষণায় প্রায় ৩৭ হাজার প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও কর্মরত শিক্ষকদের সরকারিকরণ করেন। এর প্রায় ৪০ বছর পরে ২০১৩ সালের ৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক ঘোষণায় ২৬ হাজার ১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ ও কর্মরত শিক্ষকদের সরকারিকরণের ঘোষণা দেন। কিন্তু নানা জটিলতায় প্রায় ছয় হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এ প্রক্রিয়া থেকে বাদ পড়ে। এই বিদ্যালয়গুলো সরকারিকরণের সব ধাপ সঠিকভাবে পার করলেও জাতীয়করণের জন্য বাজেটে অর্থ বরাদ্দ দেওয়া হচ্ছে না। তিনি আরও বলেন, আমরা শান্তিপূর্ণভাবে সরকারের কাছে আবেদন জানাতে চাই, এসব বিদ্যালয়ের জাতীয়করণের কাজ যাতে চলতি বছরই সম্পন্ন হয়।

এ সময় তিনি বাদপড়া এসব বিদ্যালয় জাতীয়করণ ও শিক্ষকদের সরকারিকরণের জন্য ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে বিশেষ বরাদ্দের দাবিতে কর্মসূচি ঘোষণা করেন। এর মধ্যে রয়েছে- ৩ মে বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন, ১৫ থেকে ২৫ মে পর্যন্ত ৬৪টি জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি এবং ১০ জুলাই জাতীয় প্রেস ক্লাবে 'প্রাথমিক শিক্ষার উন্নয়ন ও বিদ্যালয় জাতীয়করণে মাননীয় শেখ হাসিনার ভূমিকা' শীর্ষক গোলটেবিল বৈঠক।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর